সমকাল

তারিখ 11 JUL 2016
পৃষ্ঠা 7 কলাম

# শিক্ষার্থী ১০ দিন অনুপস্থিত থাকলে জানান : নাহিদ

■ বিশেষ প্রতিনিধি



শিক্ষা প্রতিষ্ঠানে ১০ দিন বা তার বেশি অনুপস্থিত থাকা শিক্ষার্থীদের নাম, পরিচয় শিক্ষা মন্ত্রণালয়কে জানানোর নির্দেশ দেওয়া হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন। ঈদের ছুটির পর গতকাল ছিল প্রথম কর্মদিবস। শিক্ষামন্ত্রী বলেন, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে করণীয় নিয়ে ■ পৃষ্ঠা ১১ : কলাম ৭

## শিক্ষার্থী ১০ দিন অনুপস্থিত

[১৫ পৃষ্ঠার পর]

তিনি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করবেন। সরকারের সন্ত্রাস ও জঙ্গিবিরোধী কর্মকাণ্ডের অংশ হিসেবেই এটি করা হবে। শিক্ষার্থীদের ভালোবাসা, আদর ও মমতা দিয়ে বড় করতে চান তারা।

মন্ত্রী জানান, তারা আজকেই (গতকাল) সব শিক্ষা প্রতিষ্ঠানে কতকগুলো নির্দেশনা পাঠাচ্ছেন। জঙ্গিবাদ বিষয়ে কাজ করার জন্য তারা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কথা বলেছেন। বিশ্ববিদ্যালয় থেকেও যোগাযোগ করা হয়েছে। তারা মতামত দিয়েছেন সেখানে তারা কী করতে পারেন, তাদের কী করা উচিত? এটা দীর্ঘ ধারাবাহিক প্রক্রিয়া।

১ জুলাই রাতে গুলশানের হলি আর্টিসান রেস্তোরাঁ ও ঈদের দিন কিশোরগঞ্জের শোলাকিয়ায় ঈদের জামাতের মাঠের কাছে হামলা হয়। হামলাকারীদের মধ্যে বেশ কয়েকজন রাজধানীর বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী। তাদের অনেকেই কয়েক মাস ধরে নিখোঁজ ছিল।

নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রথমে তারা সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বলেছেন, সেখানে কোনো ছাত্র ১০ দিন বা তার অধিক সময় অনুপস্থিত আছে কি না তার তালিকা দ্রুত পাঠাতে। শিক্ষামন্ত্রী জানান, তিনি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে লক্ষ্য রাখতে বলেছেন যে, তাদের ছাত্রছাত্রীদের মধ্যে কোনো অস্বাভাবিকতা আছে কি না, যেটা হয়তো আগে কেউ খেয়াল করেনি। তাদের সম্পর্কে মন্ত্রণালয়কে জানাতে বলা হয়েছে।

সন্ত্রাসী হামলার ঘটনায় বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নাম বেশি আসছে। এ বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক এসবের সঙ্গে জড়িত থাকতে পারেন। সরকার বিষয়টি তদন্ত করবে কি না জানতে চাইলে শিক্ষামন্ত্রী বলেন, 'আমরা সব বিষয়েই খোঁজ-খবর নেব। সরকারের নীতি আছে, সব বিষয়ে ঘোষণা দিয়ে এগোতে পারব না।'

জঙ্গিবাদের সঙ্গে শিক্ষার্থীদের জড়ানো ঠেকাতে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি, জনপ্রতিনিধি, বিশিষ্ট ব্যক্তিসহ সংশ্লিষ্ট সবাইকে ভূমিকা রাখার অনুরোধ জানিয়ে তিনি বলেন, 'অভিভাবকই লক্ষ্য রাখতে পারেন সন্তানের মধ্যে কোনো পরিবর্তন হচ্ছে কি না, পালিয়ে গিয়ে অন্য কোথাও থাকছে কি না? এ ধরনের পরিবর্তন তারা যখন দেখবেন, তখনই যেন জানান, আমরা স্কুলে স্কুলে কমিটি করে দেব।'

**'শিক্ষার্থীদের গতিবিধি সন্দেহজনক মনে হলে পর্যবেক্ষণে রাখতে হবে'** : গতকাল রাজধানীর ঢাকা কলেজের একাদশ শ্রেণির নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষার্থীদের নিয়মিত লেখাপড়া নিশ্চিত করার পাশাপাশি শিক্ষক ও অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে উঠতি বয়সী শিক্ষার্থীদের আচার-আচরণ, চলাফেরার প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। শিক্ষার্থীদের মধ্যে কারও গতিবিধি সন্দেহজনক মনে হলে তাকে পর্যবেক্ষণে রাখতে হবে। প্রয়োজনে আইন-শৃঙ্খলা বাহিনীকে জানাতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে দেশ যখন সমৃদ্ধির দিকে এগিয়ে চলেছে, তখনই স্বাধীনতার পরাজিত শক্তি ও তাদের দোসররা দেশকে একটি অস্থিতিশীল রাষ্ট্রে পরিণত করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তিনি বলেন, দেশ ও জাতির স্বার্থে এ ঘৃণ্য অপশক্তিকে প্রতিরোধ করতেই হবে।

ঢাকা কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মাহবুবুর রহমান এবং বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি আই কে সেলিম উল্লাহ খোন্দকারও বক্তৃতা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. মোয়াজ্জেম হোসেন মোল্লাহ।